




বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
জনসংযোগ ইউনিট, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : pru.bhbfc@gmail.com

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় শোক দিবসে বিএইচবিএফসি'র আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) যথাযোগ্য মর্যাদা ও আনুষ্ঠানিকতার মধ্যদিয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪১-তম শাহাদত বার্ষিকী পালন করে। এদিন প্রত্যুষে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্যদিয়ে দিবসের কর্মসূচি শুরু হয়। এ উপলক্ষে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) ড. দৌলতুল্লাহর খানমের সভাপতিত্বে সদর দফতর প্রাঙ্গণে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর এক আলোচনা সভা এবং শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা মহানগর বঙ্গবন্ধু পরিষদের সাধারণ সম্পাদক এ্যাডভোকেট মুহম্মদ দীদার আলী। এ সময় কর্পোরেশনের মহাব্যবস্থাপক মো. আমিন উদ্দিন এবং বঙ্গবন্ধু পরিষদের দপ্তর সম্পাদক মো. আব্দুল মতিন ভূঁইয়া উপস্থিত ছিলেন। এছাড়া, কর্পোরেশনের উপ-মহাব্যবস্থাপকসহ সদর দফতর ও ঢাকাস্থ ৭টি জোনাল অফিসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং বঙ্গবন্ধু পরিষদ, বঙ্গমাতা পরিষদ ও শ্রমিক লীগের নেতৃবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।


জেড. এম. হাফিজুর রহমান
জনসংযোগ কর্মকর্তা (এ.জি.এম)
বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন